



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৫০৮

তারিখ: ২২/০৯/২০২১

বিষয়: নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

- সূত্র:
- বোর্ডের ১২/০৯/২০২১ তারিখের স্মারক নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৪৭৯
 - বোর্ডের ১৯/০৩/২০২০খ্রি. তারিখের স্মারক নং- ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৫৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত-(ii) নং স্মারকে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ১৮/০৩/২০২০খ্রি. হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৭ ও ৮ মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করার জন্য অনুরোধ করা হলো।

কমিটি গঠনে অনুসৃত নীতিমালা:

- ম্যানেজিং কমিটি গঠনে প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ থেকে ২৮ পর্যন্ত উল্লেখিত দফাসমূহ অনুসরণ করতে হবে।
- নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ এর উপ প্রবিধি(১) অনুযায়ী ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্তত ৮০(আশি) দিন পূর্বে নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করতে হবে। প্রতিষ্ঠান প্রধান সকল শ্রেণির সদস্য পদের জন্য পৃথক পৃথক খসড়া ভোটার তালিকা প্রণয়ন করে কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন করিয়ে নিতে হবে। কোন ভাবেই পূর্বের ভোটার তালিকা দ্বারা নির্বাচন করা যাবে না।
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৪৭৯, তারিখ: ১২/০৯/২০২১ জারির পর থেকে ভোটার তালিকা হালনাগাদ করে নির্বাচন পরিচালনা করা যাবে। যেসমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে কমিটির মেয়াদ ১২/০৯/২০২১ তারিখের মধ্যে ৮০ (আশি) দিন বা তদুর্ধ্ব সময় কমিটির মেয়াদ রয়েছে ঐসমস্ত প্রতিষ্ঠান ম্যানেজিং কমিটি গঠনের প্রক্রিয়া শুরু করতে পারবে।
- নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ৭(১) মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করতে হবে তবে ২০২১ সালে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে যেসমস্ত শিক্ষার্থী ফরম পূরণ করেছে ঐসমস্ত শিক্ষার্থীর অভিভাবকগণ কোনভাবেই ভোটার তালিকায় অন্তর্ভুক্ত কিংবা নির্বাচনে প্রার্থী হতে পারবে না।
- নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি-১৪ অনুযায়ী কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্বাচন সম্পন্ন করতে হবে। উক্ত নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে ০১ (এক) জন প্রিজাইডিং অফিসার নিয়োগের জন্য প্রতিষ্ঠান প্রধান জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নিকট লিখিতভাবে আবেদন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সংশ্লিষ্ট সকল,

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/রিটার্নিং কর্মকর্তা/প্রিজাইডিং অফিসার

মেমো নং- ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/৫০৮

তারিখ: ২২/০৯/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৭। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।